# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 17 July, 2025

বৃহস্পতিবার (১৭ জুলাই) রাজবাড়ী শহরে পৃথক দুটি রাজনৈতিক কর্মসূচিকে কেন্দ্র করে তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে প্রশাসন। একদিকে পথসভা করবে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), অন্যদিকে বিক্ষোভ কর্মসূচি পালন করবে যুবদল।সম্ভাব্য অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে সতর্ক অবস্থানে রয়েছে আইনশৃঙ্খলা বাহিনী।

রাজবাড়ী শহরের কেন্দ্রস্থল শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতি চত্বরে বিকেলে পথসভা করবে এনসিপি।এরই মধ্যে সেখানে মঞ্চ নির্মাণের কাজ শেষ পর্যায়ে।অনুষ্ঠানে অংশ নেবেন দলটির কেন্দ্রীয় নেতারা।

অপরদিকে যুবদলও একই দিনে আলাদা কর্মসূচির ঘোষণা দিয়েছে। ফলে আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থান নিয়েছে। মোতায়েন রয়েছে পুলিশ, র‍্যাব ও সেনাবাহিনী।শহরের গুরুত্বপূর্ণ এলাকাগুলোতে টহল চলছে, বাড়ানো হয়েছে গোয়েন্দা নজরদারি।

পুলিশ সূত্র জানায়, পুরো শহরজুড়ে তিন স্তরবিশিষ্ট নিরাপত্তা বলয় গড়ে তোলা হয়েছে।পুলিশ, র‍্যাব ও সেনাবাহিনী নিজ নিজ দায়িত্ব পালনে মাঠে রয়েছে।শহরের ১ নম্বর রেলগেট চত্বর ও আশপাশের এলাকাগুলোতে নেয়া হয়েছে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা।

এনসিপি রাজবাড়ী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:23

URL: https://timestodaybd.com/politics/7758074912